

# আমরা ঘাসের ছোটো ছোটো ফুল

জ্যোতিরিন্দ্র মৈত্র

আমরা ঘাসের ছোটো ছোটো ফুল
হাওয়াতে দোলাই মাথা,
তুলো না মোদের দোলো না পায়ে
ছিঁড়ো না নরম পাতা।

শুধু দেখো আর খুশি হও মনে
সূর্যের সাথে হাসির কিরণে
কেমন আমরা হেসে উঠি আর
দুলে দুলে নাড়ি মাথা।।

ধরার বুকের স্নেহ কণাগুলি
ঘাস হ'য়ে ফুটে ওঠে।
মোরা তারই লাল–নীল–সাদা হাসি।
রূপকথা–নীল আকাশের বাঁশি
শুনি আর দুলি শান্ত বাতাসে
যখন তারারা ফোটে।

**জেনে রাখো**

| | | |
|---|---|---|
| দোলো না | – | মাড়িও না |
| কণা | – | রেণু, খুব ছোট অংশ |
| কিরণ | – | আলোর রশ্মি |
| রূপকথা | – | উপকথা (রাজা রানীর গল্প) |

**কাব্য পরিচয়**

যে ঘাস সদাই থাকে আমাদের পায়ের নিচে, সেখানেও ফুটে থাকে ছোট ছোট ফুলগুলি। তারা বাতাসে মাথা দোলায়। সূর্যের কিরণে হাসে। ঘাসগুলি পৃথিবীর স্নেহকণা রূপে ফুটে ওঠে। রূপকথার মতো নীল আকাশের বাঁশির সুরে, শান্ত বাতাসে, তারাদের মিছিলে ঘাসেরা দুলতে থাকে। আমাদের মন খুশিতে ভরে যায়। এদের যেন আমরা পায়ে না দলি, নরম পাতাগুলি যেন না ছিঁড়ি। আর সুন্দর ফুলগুলিকে যেন গাছ থেকে না তুলি।

**পাঠবোধ**

**খালি জায়গায় ঠিক উত্তরটি লেখো**

1. আমরা.................ছোট ছোট ফুল।

   ক. গাছের　　　　খ. ঘাসের

   গ. আগাছার　　　　ঘ. বাগানের

2. তুলোনা মোদের দোলো না পায়ে
ছিঁড়ো না.........পাতা।

ক. তাজা　　খ. শুক্‌নো

গ. নরম　　ঘ. কচি

3. শুধু দেখো আর খুশি হও মনে
........ সাথে হাসির কিরণে

ক. সূর্যের　　খ. চাঁদের

গ. মেঘের　　ঘ. তারার

4. ...........বুকের স্নেহকণাগুলি
ঘাস হয়ে ফুটে ওঠে।

ক. পৃথিবীর　　খ. ধরিত্রীর

গ. ভুবনের　　ঘ. ধরার

5. শুনি আর দুলি.............বাতাসে
যখন তারারা ফোটে।

ক. দুরন্ত　　খ. প্রশান্ত

গ. শান্ত　　ঘ. অশান্ত

**অতি সংক্ষেপে উত্তর দাও**

6. কারা হাওয়াতে মাথা দোলায়?

7. ঘাসের ছোট ছোট ফুলগুলির পাতা ছিঁড়তে বারণ করা হয়েছে কেন?

8. 'আমরা ঘাসের ছোট ছোটো ফুল' কবিতায় ধরার বুকের স্নেহকণাগুলি কী হয়ে ফুটে ওঠে?

**সংক্ষেপে লেখো–**

9. এই কবিতাটিতে কী দেখে মনে মনে খুশি হবার কথা বলা হয়েছে?

10. আকাশে তারা উঠলে ঘাসের ছোট ছোট ফুলগুলি কী করে?

**বিস্তারিতভাবে লেখো**

11. ঘাসের ছোট ছোট ফুলগুলি আমাদের কাছে কী অনুরোধ জানাচ্ছে? নিজের ভাষায় লেখো।

12. "মোরা তারই লাল-নীল সাদা হাসি"-'আমরা ঘাসের ছোট ছোট ফুল' কবিতায় একথা কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখো।

**ব্যাকরণ ও নির্মিতি**

1. নিচের শব্দগুলি দিয়ে বাক্য তৈরি করো –

| | |
|---|---|
| নরম | বাঁশি |
| আকাশ | সূর্য |
| কিরণ | ফুল |

2. শব্দগুলির বানান ঠিক করে লেখো

| | |
|---|---|
| রুপকথা | বাতাশ |
| খুসি | স্নেহকনা |

3. নিচে দেওয়া শব্দগুলিকে আলাদা করে লেখো –

যেমন, বিদ্যালয় – বিদ্যা + আলয়।

| | |
|---|---|
| রূপকথা | ঘরবাড়ি |
| নীলাকাশ | হাটবাজার |
| স্নেহকণা | সূর্যকিরণ |

4. কাজ করা বোঝালে ক্রিয়ার ব্যবহার হয়। যেমন আমি পড়ি, রাম খেলে, ফুল ফোটে ইত্যাদি (দাগ দেওয়া শব্দগুলি ক্রিয়াপদ) 'আমরা ঘাসের ছোটছোট ফুল' কবিতায় অনেকগুলি ক্রিয়াপদ আছে। সেগুলি বেছে নিয়ে লেখো।

**করতে পারো –**

নিজেদের বাড়ির বাগানে ঘাসের মধ্যে ছোট ছোট ফুল হয়ে থাকলে, সেগুলি লক্ষ্য করো। তাদের ভালবেসে যত্ন করো। জল দাও, বেড়ে উঠতে সাহায্য করো।